

ব্রিটিশ কাউন্সিলের টিএমটিই প্রকল্পের অধীনে প্রাথমিক শিক্ষকদের তৃতীয় কোহোর্টের গ্র্যাজুয়েশন অনুষ্ঠান সম্পন্ন

[ঢাকা, ২২ মে, ২০২২] দেশের প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং দ্য ব্রিটিশ কাউন্সিলের সহ প্রচেষ্টায় ‘ট্রেইনিং অব মাস্টার ট্রেইনার্স ইন ইংলিশ (টিএমটিই)’ প্রকল্পের অধীনে **সম্প্রতি** আয়োজিত হয়েছে প্রাথমিক শিক্ষকদের তৃতীয় কোহোর্টের গ্র্যাজুয়েশন অনুষ্ঠান।

এ বছর তৃতীয় বারের মতো এই গ্র্যাজুয়েশন অনুষ্ঠানের আয়োজন করা হলো। ঢাকা, গাজীপুর, শেরপুর, যশোর, বরিশাল, গোপালগঞ্জ, রংপুর, দিনাজপুর, রাজশাহী এবং মৌলভীবাজারের প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (পিটিআই)’তে এই আয়োজন সম্পন্ন করা হয়। ঢাকা পিটিআইতে অনুষ্ঠিত গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ডিপিই)’র মহাপরিচালক আলমগীর মুহম্মদ মনসুরুল আলম।

প্রশিক্ষণপ্রাপ্ত এই শিক্ষকরা হচ্ছেন তৃতীয় গ্রুপের অন্তর্ভুক্ত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, যারা গত ১৩ ফেব্রুয়ারি থেকে তাদের ১৪ সপ্তাহের পেশাদার দক্ষতা অর্জনের পথচলা শুরু করেন। কয়েক মাসব্যাপী কঠোর পরিশ্রমের স্বীকৃতিস্বরূপ গত ১৯ মে তাদেরকে সনদ প্রদান করা হয়।

উল্লেখ্য যে, টিএমটিই মূলত প্রাথমিক বিদ্যালয়ের ২,০০০ এর বেশি শিক্ষককে বিভিন্ন গ্রুপে ভাগ করে ইংরেজি ভাষার দক্ষতা বৃদ্ধি ও শিক্ষা প্রদান সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের এক বৃহদায়তন প্রকল্প। এবারের কোহোর্টে দশটি জেলা থেকে চারশর ও বেশি প্রাথমিক শিক্ষককে প্রশিক্ষণ দিয়েছে ব্রিটিশ কাউন্সিল, যারা দেশজুড়ে নিজেদের কর্মক্ষেত্রে উন্নত ও মানসম্পন্ন ইংরেজি শিক্ষা প্রদান করবেন বলে প্রত্যাশা রয়েছে।

ব্রিটিশ কাউন্সিল এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর উভয়ই এই প্রকল্পের ব্যাপারে বেশ আশাবাদী। বিদ্যমান শিক্ষাদান পদ্ধতি উন্নয়নের লক্ষ্যে প্রাথমিক শিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানে এই দুইয়ের তত্ত্বাবধানে আগামী বছর সারাদেশের অন্যান্য আরও পিটিআই-তে এই কার্যক্রম পরিচালনা করবে।

-শেষ-

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

সারাহ হাবিব,

কমিউনিকেশন ম্যানেজার, মার্কেটিং, ব্রিটিশ কাউন্সিল

ইমেইল: sarah.habib@bd.britishcouncil.org

সম্পাদক বরাবর:

ব্রিটিশ কাউন্সিল:

বিশ্বজুড়েই সাংস্কৃতিক সম্পর্ক ও শিক্ষার সুযোগ নিয়ে কাজ করে যুক্তরাজ্যের আনুষ্ঠানিক সংস্থা ব্রিটিশ কাউন্সিল। শিল্প, সংস্কৃতি, ইংরেজি ভাষা ও শিক্ষার মাধ্যমে আমরা যুক্তরাজ্যের জনগণের সাথে অন্যান্য দেশের জনগণের মধ্যে সংযোগ, বোঝাপড়া ও আস্থা স্থাপনে কাজ করি। অনলাইনে, ব্রডকাস্ট ও বিভিন্ন প্রকাশনার মাধ্যমে গত বছর আমরা সরাসরি ৮০ মিলিয়ন এবং সর্বোপরি ৭শ’ ৯১ মিলিয়ন মানুষের কাছে পৌঁছেছি। ১৯৩৪ সালে প্রতিষ্ঠিত ব্রিটিশ কাউন্সিল রয়্যাল চার্টার ইউকে পাবলিক বডি দ্বারা পরিচালিত যুক্তরাজ্যভিত্তিক দাতব্য সংস্থা। আমরা ১৫ শতাংশ অনুদান সহায়তা পাই যুক্তরাজ্য সরকার থেকে। britishcouncil.org